গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাজীপুর
(সংস্থাপন শাখা)
www.dcgazipur.gov.bd

নম্বর: ০৫.৪১.৩৩০০.০০৬.০২.০৭৩.১২- ২০৭

তারিখ : ০৭ চৈত্র ১৪৩০
২১ মার্চ ২০২৪

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ ওয়ালী উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর, সাধারণ শাখায় কর্মরত থাকাবস্থায় গত ৩০ জুলাই ২০২০ খ্রি. তারিখ থেকে ছুটি ব্যতিরেকে কর্তৃপক্ষের বিনানুমতিতে অনুপস্থিত থাকায় সাধারণ শাখা এর ১০ সেপ্টেম্বর ২০২০ খ্রি. তারিখের ০৫.৪১.৩৩০০.০০৫.২৮.২৬৯.১৮.৮৫৪ নম্বর স্মারকে তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, বিনানুমতিতে ৬০ (ষাট) কর্মদিবস বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) ও (চ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' যা বর্ণিত বিধিমালার ৩(খ) ও (গ) বিধি অনুযায়ী দন্ডনীয় অপরাধ;

যেহেতু, জনাব মোঃ ওয়ালী উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর কারণ দর্শানোর জবাব দাখিল না করায় সাধারণ শাখার ১৩ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের ০৫.৪১.৩৩০০.০০৫.২৮. ২৬৯.১৮.৯৯৪ নম্বর স্মারকের প্রেক্ষিতে কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত থাকার অপরাধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে বিভাগীয় মামলা ০২/২০২০ রুজু করা হয়;

যেহেতু, ১০ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখের ০৫.৪১.৩৩০০.০০৬.০২.০৭৩.১২-১৬৩ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) বিধি এবং ৪(৫)(গ) ও (ঘ) বিধি অনুযায়ী চাকরি থেকে কেন বরখাস্ত করা হবে না তার জবাব লিখিতভাবে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়। ১০ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখের ০৫.৪১.৩৩০০.০০৬.০২. ০৭৩.১২-১৬৪(সং) নম্বর স্মারকমূলে তিনি ব্যক্তিগত শুনানীতে আগ্রহী কি না তাও লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। জনাব মোঃ ওয়ালী উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেন নি এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন নি;

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর পক্ষ থেকে কোন প্রকার জবাব না পাওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) মোতাবেক অভিযোগটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৯ মে ২০২২ খ্রি. তারিখের ৪৫৬ নম্বর ইউ.ও নোটে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) ও (চ)-তে বর্ণিত সংজ্ঞা মোতাবেক একই বিধিমালার ৩ (খ) ও (গ)-তে বর্ণিত দন্ডের ভিত্তি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মচারীকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক এ কার্যালয়ের ১০ জুলাই ২০২৩ খ্রি. তারিখের ০৫.৪১.৩৩০০.০০৬.০২.০৭৩.১২-২৫৭ (সং) নম্বর স্মারকে তদন্ত প্রতিবেদন সংযুক্ত করে তাঁকে ৩য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং নোটিশে কেন তাঁকে গুরুদন্ডের আওতায় 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়। কিন্তু তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেন নি। এমনকি তিনি এ কার্যালয়ের সাথে কোনরূপ যোগাযোগও রাখেন নি;

সেহেতু, জনাব মোঃ ওয়ালী উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার অনুচ্ছেত ৪ এর (৩) (ঘ) বিধিমতে গুরুদন্ড হিসেবে তাঁকে পলায়নের তারিখ অর্থাৎ ৩০ জুলাই ২০২০ খ্রি. তারিখ হতে 'চাকুরি হতে বরখাস্ত' নামীয় গুরুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

21/03/2024

আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম
জেলা প্রশাসক
গাজীপুর
ফোন : ০২-৪৯২৭৩০৭০ (অফিস)
ফ্যাক্স : ০২-৪৯২৭৩০২২ (অফিস)
ইমেইল : dcgazipur@mopa.gov.bd

চলমান পাতা-০২

নম্বর: ০৫.৪১.৩৩০০.০০৬.০২.০৭৩.১২- ২০৭ তারিখ : ০৭ চৈত্র ১৪৩০ / ২১ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪। জেলা প্রশাসক, ......................................... (সকল)
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর
৮। এনডিসি/আরডিসি/এলএও/জিসিও, গাজীপুর
৯। সিনিয়র সহকারী কমিশনার, ............................. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
১০। সহকারী কমিশনার (ভূমি) (সকল), গাজীপুর
১১। সহকারী কমিশনার, ............................. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাজীপুর
১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গাজীপুর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১৪। জনাব মোঃ ওয়ালী উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর স্থায়ী ঠিকানা : বাসা/হোল্ডিং: জি-১৩২, রাজদিঘীর পশ্চিমপাড়, ওয়ার্ড নং-২৮, ডাকঘর: গাজীপুর-১৭০০ গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। বর্তমান ঠিকানা: ভোড়া পাকা মসজিদ, বাসা নং-১০২, ওয়ার্ড নং-২৯ ডাকঘর: গাজীপুর-১৭০০, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
১৫। অফিস কপি/ব্যক্তিগত কপি

২১/০৩/২০২৪

জেলা প্রশাসক
গাজীপুর